তারিখ 27 MAY 2015
পৃষ্ঠা ১৯ কলাম ৭

দৈনিক জনকণ্ঠ

# সিলেটে শাবির ছাত্রী পেটানো সেই ছাত্র গ্রেফতার

স্টাফ রিপোর্টার, সিলেট অফিস ॥ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (শাবিপ্রবি) অর্থনীতি বিভাগের স্নাতকোত্তর শ্রেণীর এক ছাত্রীকে জুতাপেটা করার অভিযোগে কথিত প্রেমিক ও বিশ্ববিদ্যালয়ের ব্যবসা প্রশাসন বিভাগের ২০০৮-০৯ শিক্ষাবর্ষের ছাত্র রিফাত আদনান পাপনকে গ্রেফতার করেছে পুলিশ। মঙ্গলবার সোয়া ছয়টার দিকে শাবি ক্যাম্পাস থেকে তাকে গ্রেফতার করা হয়।

অভিযোগের পরিপ্রেক্ষিতে সোমবার রিফাত আদনান পাপনকে আগামী ২ কার্যদিবসের মধ্যে কারণ দর্শানোর নোটিস দিয়েছিল প্রক্টোরিয়াল কমিটি। আর এরই মধ্যে পুলিশ তাকে গ্রেফতার করে।